West Bengal Form No. 27

# FIRST INFORMATION REPORT

(Under Section ~~454 Cr. P.C.~~) 173 of BNS.

Inspector-In-Charge
Pradhan Nagar Police Station
Siliguri Police Commissionerate

1. Dist. SPC P.S. Pradhan Nagar Year 2024 FIR No. 580/24 Date 09/09/24.
2. i) Act Sections 126(2)/115(2)/351(2)(3)/3(5) ii) Act of BNS. Sections
   iii) Act Sections iv) Others Acts & Sections
3. (a) Occurrence of offence : Day Date From on 09/09/24 Date To
   Time Period Time From at around 17.50 hrs. Time To
   (b) Information received at P.S. Date on 09/09/24 Time 23.20 hrs
   (c) General Diary Reference : Entry No (s) 537. Time 23.20 hrs.
4. Type of Information Written. Written / Oral
5. Place of Occurrance : (a) Direction and Distance from P.S. North East, 2.5 km Beat No.
   (b) Address Natun Bazar, Samar Nagar, near Kali Mandir, P.S. Pradhan Nagar, Dist. Darjeeling
   (c) In case outside limit of this Police Station, then the
   Name of the P.S. – District –
6. Complainant / Informant :
   (a) Name Suraj Saha.
   (b) Father's / Husband's Name Rajendra Saha.
   (c) Date / Year of Birth – (d) Nationality Indian.
   (e) Passport No. – Date of Issue : – Place of Issue
   (f) Occupation –
   (g) Address Sukanta Nagar, near Autostand, P.S. Bhakti nagar, W/N-38, Dist. Jalpaiguri.
7. Details of known / suspected / unknown accused with full particulars
   (Attach separate sheet, if necessary) :
   (i) Alpana Basak, (ii) Pintu Basak, (iii) Suity Basak, and others.
8. Reasons for delay in reporting by the Complainant / Information
   –
9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :
   –
10. Total value of properties stolen / involved –
11. Inquest Report / U.D. Case No. If any –
12. FIR Contents (Attach separate sheets, if required) : The original written complaint of the Complainant which is treated as FIR is enclosed herewith.
13. Action Taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2., Registered the case and ~~took up the investigation~~ / directed ASI Anwar Abedin. to take up investigation / ~~refused investigation~~ / transferred to P.S. – ~~on point of jurisdiction~~. FIR read over to the Complaint / Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / informant free of cost.

Inspector-In-Charge
Pradhan Nagar Police Station
Siliguri Police Commissionerate
09/09/24

Signature of the Officer-in-Charge/Police Station

Name : Bhaskar Kar.

Rank : No. SI of police

14. Signature / Thumb impression of the Complainant / Informant
    Noted in written complaint
15. Date & Time of despatch to the court : on 10/09/24 at 10.00 hrs.

To
The Inspecter in charge
Pradhan nagar police station
Pradhan nagar, Siliguri
Dist- Darjeeling

Date:-9/9/24

Received on 09/09/24 at 23.20 hrs vide. PDN P.S. GDE No. 527 and is registered PDN P.S. Case No. 580/24 Dt. 09/09/24 U/s 126(2)/117(2)/351(2)(3)/3(5) of BNS. and is endorsed to ASI Anwar Abedin for its investigation.

09.09.2024
Inspector-In-Charge
Pradhan Nagar Police Station
Siliguri Police Commissionerate

Sub: F I R

মহাশয়,

সবিনয় নিবেদন এই যে আমি সুরজ সাহা, পিতা-রাজেন্দ্র সাহা, সাকিন-সুকান্ত নগর, অটোস্ট্যান্ডের নিকট, ৩৮ নম্বর ওয়ার্ড, থানা-ভক্তিনগর, জেলা-জলপাইগুড়ির একজন স্থানীয় বাসিন্দা ।

আপনার নিকট এই মর্মে অভিযোগ করিতেছি যে আমার সঙ্গে রিতিকা বসাক, পিতা-পিন্টু বসাক, সাকিন-সমর নগর নতুন বাজার, কালী মন্দিরের নিকট, থানা-প্রধান নগর, জেলা-দার্জিলিং এর অধিবাসীর বিগত ইংরেজীর ২৫/৯/২৩ তারিখ হিন্দুমতে বিবাহ হয়। বিবাহের পর থেকেই আমার (১) শ্বাশুড়ি আল্পনা বসাক, স্বামী-পিন্টু বসাক (২) আমার শ্বশুর পিন্টু বসাক এবং আমার শালিকা সুইটি বসাক আমার স্ত্রী রিতিকা বসাক কে নানাভাবে ইন্ধন ও প্ররোচিত করতে থাকে যাতে সে আমাকে নিয়ে আমার বাবা, মাকে ছেড়ে অন্যত্র বসবাস করতে পারে। আমি আমার বাবা মাকে ছেড়ে অন্যত্র যেতে না চাইলে আমার স্ত্রী রিতিকা বসাক আমার সঙ্গে নিত্যদিন অশান্তি করতে থাকে । আমি নানাভাবে তাকে বুঝিয়ে সুজিয়ে সবাইকে মানিয়ে নিয়ে সংসার করতে হবে বললে সে শান্ত হয়ে সংসার করতে থাকে। কিন্তু আমার উপরোক্ত শ্বশুর, শ্বাশুরি ও শালিকার ইন্ধনে আমার স্ত্রী আমার নামে মিথ্যা বধুনির্যাতন মামলা করে তাহার বাবা মায়ের সঙ্গে তাহাদের সমর নগরের বাড়িতে আশ্রয় নেয়। এরপর আমি জামিন নিয়ে তবুও আমার স্ত্রী গর্ভবতী বলে তার সঙ্গে যোঘোযোগ করার চেষ্টা করি। কিন্তু আমার শ্বশুর শ্বাশুরি কোনভাবেই আমাকে আমার স্ত্রীর সঙ্গে দেখা করতে দেন না । এরমধ্যে বিগত ইংরেজীর ৯/৯/২৪ তারিখ আমাদের এক কনা সন্তান হয়। ফলে আমি খুশী হয়ে আমার নিজের স্ত্রী উক্ত রিতিকা বসাক ও আমাদের সদ্যজাত মেয়েকে অদ্য ইংরেজীর ৯/৯/২৪ তারিখ আনুমানিক সন্ধ্যা ৫:৫০ টা নাগাদ সমর নগরে শ্বশুড় বাড়িতে ফিরিয়ে আনতে গেলে আমার (১) শ্বাশুড়ি আল্পনা বসাক, স্বামী-পিন্টু বসাক (২) আমার শ্বশুর পিন্টু বসাক এবং আমার শালিকা সুইটি বসাক, পিতা-পিন্টু বসাক মিলিতভাবে আমার পথ আটকায় ও প্রথমে আমাকে অশ্রাভ্য নোংরা ভাষায় গালিগালাজ করে। তবু আমি তাদের শান্তভাবে নিজে নত হয়ে আমার স্ত্রী কন্যার সঙ্গে দেখা করতে চাইলে আমার শ্বশুড় বাড়ির উপরোক্ত সদস্যরা আমাকে স্থানীয় লোকের সামনে বিনা কারনে একের পর এক লাথি, ঘুষি, কিল, থাপ্পড় মারতে মারতে মাটিতে ফেলে আমার বুকের উপর পা দিয়ে আমাকে পা দিয়ে আঘাত করতে থাকে। আমি ব্যথায় ছটফট করতে থাকলে আমার শ্বাশুড়ি আল্পনা বসাক এসময় আমার বা কানে এমনভাবে আঘাত করে যে আমার কান লাল হয়ে ফুলে যায় ও আমি এখনো পর্যন্ত আমার বাকান দিয়ে কিছু শুনতে পারছি না । আমার নাকে আমার শ্বশুর পিন্টু বসাক এমনভাবে ঘুষি মারে যে আমার নাক ফেটে গলগলিয়ে রক্ত ঝরতে থাকে । আমি পাড়ার লোকের সহযোগিতায় কোনভাবে তাদের হাত থেকে মুক্তি পেয়ে অসুস্থ অবস্থায় শিলিগুড়ি জেলা হাসপাতালে পৌঁছলে সেখানকার কর্মরত চিকিৎসক আমার চিকিৎসা করেন।

এমত অবস্থায়, আপনার নিকট আমার বিনীত অনুরোধ দয়া করিয়া ঘটনার সরোজমিনে তদন্ত করে উক্ত ব্যক্তিদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক আইনী ব্যবস্থা গ্রহন করিয়া বাধিত করিবেন।

ধন্যবাদান্তে

Suraj Saha
9749737960